জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

www.nu.edu.bd অথবা www.nu.edu.bd/203

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/৩য় বর্ষ অনার্স/বিজ্ঞপ্তি/০২/২০১৬/২০১৭/৯০২৫ তারিখ ঃ ১৫ শ্রাবন ১৪২৪ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০১৭ খ্রস্টাব্দ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সালের তৃতীয় বর্ষ অনার্স (বিশেষ) অনিয়মিত ও গ্রেডউন্নয়ন পরীক্ষার্থীদের আবেদন ফরমপূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online-এ আগামী ০২/০৮/২০১৭ তারিখ থেকে শুরু হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট Website: www.nu.edu.bd/203 এ গিয়ে ফরমপূরণ সংক্রান্ত তথ্য পাওয়া যাবে। নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন, বিবরণী ফরমপূরণ, জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

ক্রম	পরীক্ষার্থীদের ফি-এর বিবরণ	টাকা	আবেদন ফরম, বিবরণী ফরম পূরণ শুরু ও শেষ তারিখ	ডাটা এন্ট্রির শেষ তারিখ	সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শুরু ও শেষ তারিখ	বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ
১.	তত্ত্বীয় (প্রতি পূর্ণ কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে।	২০০/-	০২/০৮/২০১৭ বুধবার হতে ১৭/০৮/২০১৭ বৃহস্পতিবার	২০/০৮/২০১৭ রবিবার	২২/০৮/২০১৭ মঙ্গলবার হতে ২৩/০৮/২০১৭ বুধবার	২৭/০৮/২০১৭ রবিবার
২.	তত্ত্বীয় (প্রতি অর্ধ কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে।	১৪০/-				
৩.	ব্যবহারিক (প্রতি কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে।	২০০/-				
৪.	কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)-কলেজে জমা হবে।	৪৫০/-				
৫.	কেন্দ্র ফি ব্যবহারিক(প্রতি পরীক্ষার্থী)-কলেজে জমা হবে	১২০/-				
৬.	ইন-কোর্স পরীক্ষা ফি (প্রতি পরীক্ষার্থী) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে।	১০০/-				
৭.	বিশেষ অন্তর্ভূক্তি ফি (গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীর জন্য কোর্স প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী - বিশ্ববিদ্যালয়ে জমা হবে।	৩০০/-				

বিঃ দ্র ঃ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরম পূরনের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন প্রকার সুযোগ নাই।

আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী ঃ

০১। অনলাইনে আবেদন ফরম সংগ্রহ ও পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য)ঃ

ক) আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ দ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd/203 এ প্রবেশ করে আবেদনপত্র ডাউনলোড ও প্রিন্ট করে যথাযথভাবে পূরণ করে কলেজের স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে। আবেদন ফরমে বিষয়কোড ও ফি অবশ্যই উল্লেখ থাকবে।

খ) আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০২। **পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ**

ক) অনিয়মিত ঃ ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়েছে এবং অনার্স ৩য় বর্ষের পরীক্ষায় নট প্রমোটেড বা অনুত্তীর্ণ হয়েছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০১৬ সালের তৃতীয় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। উপরোল্লিখিত শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীরা ২য় বর্ষে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারাও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) গ্রেড উন্নয়ন ঃ

I. **২০০৯-২০১০** শিক্ষা বর্ষের যে সকল শিক্ষার্থী নূন্যতম ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়েছে কিন্তু এক বা একাধীক পত্রে (F) গ্রেড রয়েছে অথবা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা **শেষবারের মতো** ২০১৬ সালের তৃতীয় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

II. **২০১০-২০১১, ২০১১-২০১২** শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী নূন্যতম ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়েছে কিন্তু ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় এক বা একাধিক পরীক্ষায় কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে কেবলমাত্র সে সকল কোর্সে শিক্ষার্থীরা ২০১৬ সালের ৩য় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করবে।

III. যে সকল শিক্ষার্থী (শিক্ষাবর্ষ ২০১২-১৩) নিয়মিত হিসাবে ২০১৫ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/ প্রমোটেড হয়েছে সে সকল শিক্ষার্থীরা যে সকল কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা এরকম সর্বোচ্চ ২টি কোর্সে ২০১৬ সালের তৃতীয় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি গ্রেড উন্নয়নের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নয়ন করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে। এ ছাড়া উক্ত শিক্ষাবর্ষের (২০১২-২০১৩) শিক্ষার্থীরা যে সকল কোর্সে F পেয়েছে অথবা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে সে সকল কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

০৩। **আনুষাঙ্গিক নিয়মাবলী:**

❖ যে সকল শিক্ষার্থী তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে চতুর্থ বর্ষে উত্তীর্ণ/অনুত্তীর্ণ/নট প্রমোটেড হয়েছে এবং এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে সে সকল কোর্সে শিক্ষার্থীরা ২০১৬ সালের তৃতীয় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে F গ্রেড প্রাপ্ত কোর্স পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।

❖ সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমুহ উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। এফ গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে মানোন্নয়নের সুযোগ থাকবে না।

❖ **২০০৯-২০১০, ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩** শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় একটি কোর্সে অনুপস্থিত থেকে ৪র্থ বর্ষে প্রমোশন পেয়েছে সে সকল শিক্ষার্থী ২০১৬ সালের তৃতীয় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় উক্ত **অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।**

❖ ইন-কোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই।

❖ সংশোধিত রেগুলেশন (২০০৯-১০) এর ১৫ (ছ) ধারা অনুযায়ী ১ম বর্ষের সকল কোর্সে D বা এর বেশী না পাওয়া পর্যন্ত তৃতীয় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু তার ফলাফল স্থগিত থাকবে।

০৪। **অনার্স পাঠ্যসূচী (Syllabus) ঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী সকল শিক্ষার্থী এই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ক) ১০০ নম্বরের তত্ত্বীয় কোর্সের মধ্যে ৮০ নম্বর চূড়ান্ত পরীক্ষা, ১৫ নম্বর ইন-কোর্স পরীক্ষা এবং ০৫ নম্বর ক্লাস উপস্থিতির ভিত্তিতে নির্ধারিত হবে। একই ভাবে ৫০ নম্বরের তত্ত্বীয় কোর্সের মধ্যে ৪০ নম্বর চূড়ান্ত পরীক্ষা, ০৭ নম্বর ইন-কোর্স পরীক্ষা এবং ০৩ নম্বর ক্লাস উপস্থিতির ভিত্তিতে নির্ধারিত হবে। ইন-কোর্স এবং ক্লাস উপস্থিতির নম্বর যোগ করে প্রতিটি কোর্সকোডের বিপরীতে একসাথে অনলাইনে প্রেরণ করতে হবে এবং প্রেরণকৃত নম্বরের প্রিন্টআউট সংশ্লিষ্ট শাখায় হাতে হাতে জমা দিতে হবে। এ ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যলয়ের ওয়েবসাইটে প্রকাশিত পরীক্ষা রেগুলেশনের কোর্সভিত্তিক নম্বর বন্টন অনুসরণ করতে হবে। ইন-কোর্স নম্বর প্রেরণ সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী যথাসময়ে **www.nu.edu.bd/203** এ প্রকাশ করা হবে।

খ) প্রতি পূর্ণকোর্স ০৪ (চার) ক্রেডিট। পূর্ণমান-৮০, পরীক্ষার সময় ০৪ (চার) ঘন্টা।

গ) প্রতি অর্ধকোর্স ০২ (দুই) ক্রেডিট। পূর্ণমান-৪০, পরীক্ষার সময় ২.৫ (আড়াই) ঘন্টা।

ঘ) **তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নুন্যতম যোগ্যতাঃ**

❖ তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে **কমপক্ষে চারটি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে** তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।

❖ ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional promoted হবে।

❖ একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না, তার ফলাফল Not promoted হবে।

❖ Not promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর শুধুমাত্র F গ্রেড পাওয়া এবং অনুপস্থিত কোর্সে/কোর্সসমূহে পরীক্ষা দেবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

০৫। **কলেজের জন্য করণীয় ঃ**

ক) পরীক্ষার্থীদের পূরনকৃত আবেদন ফরম সঠিক ভাবে হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable list) এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **www.nu.edu.bd/203** এ College Log-in-এ প্রবেশ করে নিশ্চায়ন করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in-এর জন্য ওয়েবসাইটে College Profile- কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থী সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১(এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদনফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেপত্র বিতরণ করতে হবে।

গ) নিশ্চায়ন সম্পন্ন হলে On-line-এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

ঘ) তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষা বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

০৬। **ফি জমাদানের পদ্ধতি ঃ**

ক) ২০১৬ সালের তৃতীয় বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষার্থীদের ফি ডিজাইনকৃত নির্ধারিত জমা ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.nu.edu.bd/203** থেকে ডাউনলোড করে "সোনালী সেবা"-এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে।

খ) সংশ্লিষ্ট কলেজ **www.nu.edu.bd/203 ওয়েবসাইট অথবা কলেজের ই-মেইল এড্রেস**-এ Log-in করে pay slip ডাউনলোড করবে। pay slip -এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংক লিখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

গ) pay slip সংগ্রহের জন্য ২২/০৮/ ২০১৭ তারিখ মঙ্গলবার সকাল ১০.০০ টা থেকে ২৩/০৮/২০১৭ তারিখ বুধবার বিকাল ০৪.০০টা পর্যন্ত Link active থাকবে। **নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে** pay slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভুত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঘ) **"সোনালী সেবা" সংক্রান্ত প্রয়োজনে ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।**